ফরিদপুরে ট্রেন-মাইক্রোবাস সংঘর্ষে নিহত ৫

written by Chandradip News24 | January 7, 2025

ফরিদপুর সদর উপজেলার গেরদা ইউনিয়নের মুন্সিবাজার কাফুরা রেল ক্রসিংয়ে ট্রেন ও মাইক্রোবাসের সংঘর্ষে পাঁচজন নিহত হয়েছেন। এই মর্মান্তিক দুর্ঘটনায় আরও দুইজন আহত হন, যাদের ফরিদপুর মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে।

মঙ্গলবার (৭ জানুয়ারি) দুপুর ১২টার দিকে মধুমতী এক্সপ্রেস ট্রেনটি খুলনা থেকে ঢাকা যাওয়ার পথে মাইক্রোবাসের সাথে সংঘর্ষ হয়। স্থানীয়দের ভাষ্যমতে, রেল ক্রসিংয়ে ট্রেনের হর্ন বাজানো হয়নি, যা প্রায়শই বাজানো হয়।

মাইক্রোবাসটি গেরদা থেকে মুন্সিবাজারের দিকে যাওয়ার সময় ক্রসিং পার হওয়ার চেষ্টা করলে ট্রেনের সঙ্গে ভয়াবহ সংঘর্ষ হয়। সংঘর্ষে মাইক্রোবাসটি প্রায় ১০০ ফুট দূরে গিয়ে একটি পুকুরে পড়ে। ঘটনাস্থলেই তিনজনের মৃত্যু হয়, এবং আহত দুজন হাসপাতালে মারা যান।

কাফুরা রেল ক্রসিংয়ে দীর্ঘদিন ধরে কোনো গেটম্যান বা ক্রসিংয়ের গেট নেই। নিরাপত্তার অভাবে প্রায়ই এখানে দুর্ঘটনা ঘটে। স্থানীয়রা দ্রুত নিরাপত্তা ব্যবস্থা গ্রহণের দাবি জানিয়েছেন।

ফরিদপুর ফায়ার সার্ভিসের সিনিয়র স্টেশন অফিসার নুরুজ্জামান বলেন,

“দুর্ঘটনার খবর পেয়ে আমরা তাৎক্ষণিক উদ্ধার তৎপরতা শুরু করি। মাইক্রোবাসটি রেল লাইনের পাশের একটি পুকুর থেকে উদ্ধার করা হয়েছে। ভেতরে বা আশপাশে আর কাউকে পাওয়া যায়নি।”

ফরিদপুরের জেলা প্রশাসক কামরুল হাসান মোল্লা বলেন, “এই মর্মান্তিক ঘটনায় পাঁচজন নিহত হয়েছেন। প্রাথমিকভাবে নিহতদের নারায়ণগঞ্জের বাসিন্দা বলে জানা গেছে। তাদের পরিবারের সাথে যোগাযোগের চেষ্টা চলছে। আমরা দুর্ঘটনাস্থলের নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করার উদ্যোগ নেব।”

বিভিন্ন গুরুত্বপূর্ণ রেল ক্রসিংয়ে গেটম্যান নিয়োগ না দেওয়ার কারণে দুর্ঘটনার শিকার হচ্ছেন যাত্রীরা। দ্রুত কার্যকর নিরাপত্তা ব্যবস্থা নেওয়া না হলে এমন অনাকাঙ্ক্ষিত মৃত্যু থামবে না।

মো: তুহিন হোসেন,
স্টাফ করেসপন্ডেন্ট, চন্দ্রদ্বীপ নিউজ ২৪ ডট কম